গাংনীতে মশার কয়েলের আগুনে প্রাণ গেল বৃদ্ধার

মেহেরপুরের গাংনী উপজেলায় মশার কয়েল থেকে সৃষ্ট আগুনে অগ্নিদগ্ধ হয়ে মরিয়ম খাতুন (৮৮) নামে এক বৃদ্ধার মৃত্যু হয়েছে।

সোমবার রাত সাড়ে ১০টার দিকে মেহেরপুর জেলার গাংনী উপজেলার তেতুলবাড়িয়া ইউনিয়নের করমদি গ্রামে এ ঘটনা ঘটে। আজ দুপুরে নিহতের মরদেহ নিজ গ্রামে দাফন সম্পন্ন হয়েছে।

নিহত মরিয়ম খাতুন ওই গ্রামের খেড়ু শেখের স্ত্রী এবং ১২ সন্তানের জননী।

নিহতের মেজো পুত্রবধূ আশুরা খাতুন জানান, সোমবার রাত ৮টার দিকে শাশুড়িকে খাবার খাইয়ে মশার কয়েল জ্বালিয়ে তিনি নিজ ঘরে চলে যান। রাত ১১টার দিকে পোড়া গন্ধ পেয়ে বাইরে এসে দেখেন, শাশুড়ির বিছানায় আগুন জ্বলছে।

পরে পরিবারের সদস্যরা দ্রুত আগুন নিভিয়ে তাকে উদ্ধার করে চিকিৎসার জন্য মেহেরপুর জেনারেল হাসপাতালে নিয়ে যান। সেখানে চিকিৎসাধীন অবস্থায় তার মৃত্যু হয়।

এ বিষয়ে বামন্দী পুলিশ ক্যাম্পের ইনচার্জ এসআই শ্যামা পদ জানান, কয়েল থেকে সৃষ্ট আগুনে অগ্নিদগ্ধের একটি ঘটনা ঘটেছে। চিকিৎসাধীন অবস্থায় ওই বৃদ্ধার মৃত্যুর খবর তারা পেয়েছেন।

শৈলকুপাতে ট্রাকের চাপায় প্রাণ গেল প্রতিবন্ধী ভ্যানচালকের

ঝিনাইদহের শৈলকুপাতে ট্রাকের চাকায় পিষ্ট হয়ে প্রতিবন্ধী এক ভ্যানচালকের মৃত্যু হয়েছে। আজ সোমবার বিকেল ৪ ঘটিকায় উপজেলার শেখপাড়া বাজারের কুষ্টিয়া-খুলনা মহাসড়কে এ ঘটনা ঘটে।

এ ঘটনায় নিহত ব্যক্তির নাম পারভেজ (১৮)। তিনি কুষ্টিয়া জেলার সদর উপজেলার শান্তিডাঙ্গা গ্রামের রিয়াজ মন্ডলের ছেলে।

এ ঘটনায় ভ্যানে থাকা আরও একজন যাত্রী আহত হয়েছেন। আহত ওই যাত্রীকে চিকিৎসা জন্য শৈলকুপা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নেওয়া হয়েছে।

এ ঘটনায় প্রায় দেড় ঘন্টা ধরে যানচলাচল বন্ধ হয়ে যায়। পরে পুলিশ এসে সড়কে যান চলাচল স্বাভাবিক করে।

প্রত্যক্ষদর্শীদের সূত্রে জানা যায়, হঠাৎ করে একটি বাস বেপরোয়া গতিতে আসলে ভ্যানচালক ভ্যান সাইড করতে গেলে ট্রাকটি তাকে চাপা দেয়।

এ বিষয়ে ঝিনাইদহ হাইওয়ে পুলিশের ওসি মিজানুর রহমান বলেন, ট্রাকটি আটক করা হয়েছে। আমরা লাশ উদ্ধার করেছি।